

ভিডিও স্ক্রিপ্ট অনুবাদ করার জন্য নির্দেশিকা

1. আপনি যে ভিডিও দেখতে আগ্রহী তার স্ক্রিপ্ট (ইংরেজি বা ফরাসি) এর জন্য অনুরোধ করতে 'স্ক্রিপ্ট রিকোয়েস্ট' বাটনটি ব্যবহার করুন। যে ফরমটি খুলবে সেটি পূরণ করুন। স্ক্রিপ্ট আড়াআড়িভাবে বিন্যস্ত হবে এবং বিভাগ অনুযায়ী ভাগ করা থাকবে
2. এই সেশনের বাইরে প্রতিটি অংশের জন্য কয়েক সেকেন্ড সময় থাকবে
3. এতে ব্যবহৃত বিষয়বস্তু, এর ধরণ এবং ভাষা সম্পর্কে সামগ্রিক ধারণা পেতে স্ক্রিপ্টটি শব্দ করে পড়ুন। ভিডিওটি দেখুন যাতে আপনি বিষয় এবং এর ধরণ সম্পর্কে জানতে পারেন এবং সাক্ষাৎকার অংশে পুরুষ-নারী-যুবক-বৃদ্ধ, কে কথা বলছে তা লক্ষ্য করুন
4. যদি আপনি কোনো বিভাগ বা শব্দ বুঝতে না পারেন, তবে অনুবাদ করার আগে ঐ বিষয়ের একজন বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করুন
5. আপনার ভিডিওটি যাদের দেখাতে চান তারা যদি কৃষক হয় তবে আপনাকে অবশ্যই কৃষকের মতো করে ভাবতে হবে এবং স্ক্রিপ্ট এ জটিল শব্দ বা বাক্যাংশ ব্যবহার করা যাবে না। যদি কোনো কিছু প্রযুক্তিগত হয়, তা হলে সেটি সহজ করে বলার উপায় বের করে নিন।
6. ১.৫ বা দুইগুণ ফাঁক দিয়ে অনুবাদ করা পাণ্ডুলিপিটি দ্বিতীয় কলামে টাইপ করুন। এর ফলে নেপথ্য ধারাবর্ণনা পড়ার সময় সুবিধা হবে।
7. নিশ্চিত করুন যে, আপনি ভিডিওটির শিরোনাম অনুবাদ করেছেন ; কারণ, এটি রেকর্ড করার জন্য প্রয়োজন হবে।
8. যদি আপনার বর্ণমালা রোমান বর্ণমালার থেকে আলাদা হয়, তবে শব্দগুলো ধ্বনিতাত্ত্বিকভাবে তৃতীয় কলামে সাজান, এতে আপনার ব্যবহৃত ভাষা সম্পর্কে জ্ঞান না থাকলেও যারা ধারাবর্ণনার যারা কাজ করবেন, তারা স্ক্রিপ্টটি অনুসরণ করতে পারবেন
9. বিরামচিহ্নগুলো যথাযথভাবে ব্যবহার করুন, যাতে অন্যেরা যখন আপনার অনূদিত স্ক্রিপ্টটি পড়বেন, তখন তারা কোথায় বিরতি হবে এবং কোথায় বাক্যটি শেষ হয়ে যাবে তা সহজেই বুঝতে পারেন
10. ধারাবর্ণনার স্ক্রিপ্টটি কথ্য শব্দ ব্যবহার করে লেখা হয়, তাই সবসময় কঠোর বাক্যারণগত নিয়ম মেনে করা হয় না। অনুবাদের সময় মূল স্ক্রিপ্ট এর ধরণটি বজায় রাখার চেষ্টা করুন। যতটা সম্ভব সহজ ভাষায় বলুন এবং কম শব্দ ব্যবহারের চেষ্টা করুন
11. সময়জ্ঞান সবসময়ই গুরুত্বপূর্ণ - ধারাবর্ণনার অনুবাদটি মূল ভিডিওর একই সমান বা তার থেকে কম সময়ের হবে তা নিশ্চিত করুন। প্রতিটি বিভাগের জন্য সময় নির্ধারণ করা খুবই গুরুত্বপূর্ণ। প্রতিটি শট ধারাবর্ণনাকারীর জন্য সময়ের ব্যাপ্তি নির্দেশ করে। এটি অবশ্যই বড়ো হবে না, অন্যথায় আপনাকে আবার অনুবাদ করতে হবে
12. প্রতিটি শব্দ অনুবাদ করার প্রয়োজন নেই, কিন্তু মূল অর্থটি যেন সহজেই বোঝা যায়, সেভাবে লেখা উচিত
13. অভীষ্ট জনগোষ্ঠীকে নিয়ে যেসকল কর্মকর্তা কাজ করেন তাদের উদ্দেশ্যে অনুবাদ করা পাণ্ডুলিপি পাঠ করুন। যখন তারা আওয়াজ করে কথা বলবেন, তখন শব্দগুলো তাদের আলোচনায় ভেসে থাকতে দিন।
14. আপনার অভীষ্ট দর্শক-শ্রোতার কাছে অস্পষ্ট হতে পারে এমন কোনো শব্দ বা বাক্যাংশ থাকলে তা পরিবর্তন করে নিন
15. রেকর্ড করার আগে অনুবাদ পাণ্ডুলিপিটি অন্য কাউকে দিয়ে পরীক্ষা করিয়ে নিন, অর্থাৎ এটি টেকনিক্যালি যথাযথ আছে কি না তা নিশ্চিত হন

মনে রাখবেন !

কাজের প্রতিটি স্তর বা পর্যায়ে সম্পূর্ণ মনোযোগ দিতে হবে।
একটি মানসম্পন্ন অনুষ্ঠান বা কর্মসূচি তৈরির লক্ষ্য রাখবেন।